



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ১০ অক্টোবর, ২০১৯

সময়: সকাল ১১.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫৫১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
০১.	ইনোভেশন টিম পুনর্গঠন	বিগত ২১/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি), অর্থ মন্ত্রণালয় এর ইনেরভিশনটিমের সভায় এফআইডি এ বাজেট অধিশাখার আওতাধীন সকল প্রতিষ্ঠানে নাগরিক সেবা প্রদানে উদ্ভাবন প্রক্রিয়া চলমান রাখার লক্ষ্যে ইনোভেশন টিম গঠন করার সিদ্ধান্তের প্রেক্ষিতে পিকেএসএফ এ ইনোভেশন টিম গঠন করা হয়। শুধুমাত্র তথ্যপ্রযুক্তি খাতে উদ্ভাবনী কর্মকাণ্ডকে প্রাধান্য প্রদান না করে পিকেএসএফ-এর সার্বিক কার্যক্রমে তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী প্রক্রিয়াকে প্রাধান্য দিয়ে পুনরায় ইনেরভেশন টিমের সদস্য নির্বাচন করা যেতে পারে বলে সভায় আলোচনা করা হয় এবং ইনোভেশন টিম দ্রুত পুনরায় গঠন করা বিষয়টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।
০২.	উদ্ভাবন বিষয়ক অগ্রগতি আলোচনা ও অভিজ্ঞতা বিনিময়।	পরবর্তি অর্থবছরের উদ্ভাবন বিষয়ক ধারণা প্রাপ্তির জন্য প্রাপ্ত উদ্ভাবনী মূলক ধারণাসমূহ যাচাই বাছাইয়ের কাজ চলমান রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. এ.কে.এম নুরুজ্জামান)

মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার